Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 01 June, 2025

চট্টগ্রাম নগরীর পতেঙ্গায় শীর্ষ সন্ত্রাসী আলী আকবর প্রকাশ ঢাকাইয়া আকবর হত্যা মামলায় গ্রেপ্তার আসামি ওসমান আলী সেগুন (৩৪) ও তার ভাগিনা মো. আলভিনকে (৩০) জিজ্ঞাসাবাদের জন্য তিন দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

রবিবার (১ জুন) দুপুরে চট্টগ্রাম ৫ম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট  নুসরাত জাহান জিনিয়া শুনানি শেষে এ রিমান্ড মঞ্জুর করেন।

এদের মধ্যে ওসমান আলী বিদেশে পলাতক আরেক শীর্ষ সন্ত্রাসী সাজ্জাদ আলী খান ওরফে বড় সাজ্জাদের ভাই এবং আলভিন ভাগ্নে। এর আগে, গত সোমবার রাতে পৃথক অভিযান চালিয়ে সেগুন ও আলভিনকে গ্রেপ্তার করে র‍্যাব-৭ ও পতেঙ্গা থানা পুলিশ।

আদালত সূত্র জানিয়েছে, সকাল ১০টার দিকে এই দুই আসামিকে কড়া নিরাপত্তায় আদালতে নেওয়া হয়। পরবর্তীতে দুপুর পৌনে ১টার দিকে তাদের শুনানিতে হাজির করা হয়। শুনানি শেষে পুলিশি নিরাপত্তায় তাদেরকে ফের কারাগারে নিয়ে যাওয়া হয়।

পতেঙ্গা থানার আদালতের সাধারণ নিবন্ধন কর্মকর্তা (জিআরও) মো. রহমত বলেন, ‘আজ সকালে ওই দুই আসামিকে আদালতে আনা হয়। দুপুরের দিকে তাদেরকে আদালতে তোলা হয়।তদন্তকারী কর্মকর্তা উভয় আসামির পাঁচদিন করে রিমান্ড আবেদন করলে আদালত শুনানি শেষে তিনদিন মঞ্জুর করেন।

এর আগে, শুক্রবার (২৩ মে) রাত সাড়ে ৮টার দিকে নগরের পতেঙ্গা সমুদ্রসৈকত এলাকার

পশ্চিম পয়েন্টের ২৮ নম্বর দোকানের সামনে আড্ডারত অবস্থায় সন্ত্রাসী ঢাকাইয়া আকবরকে গুলি করে দুর্বৃত্তরা।একই ঘটনায় গুলিবিদ্ধ হন দর্শনার্থী জান্নাতুল বাকী (৩০) এবং শিশু মহিম ইসলাম রাতুল (৮)।

ঘটনার দুইদিন পর গত ২৫ মে সকাল ৮টায় চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ঢাকাইয়া আকবরের মৃত্যু হয়।এ ঘটনায় তার স্ত্রী রুপালী বেগম বাদী হয়ে একই দিন ১১ জনের নাম উল্লেখ করে পতেঙ্গা থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। খুনের শিকার আলী আকবরের বিরুদ্ধে নগরীর বিভিন্ন থানায় হত্যা, অস্ত্র, চাঁদাবাজির অন্তত ১০টি মামলা রয়েছে।

হত্যা বড় সাজ্জাদ রিমান্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:59

URL: https://www.timestodaybd.com/public/chittagong/3232873622